

বিজ্ঞানকে জনপ্রিয় করা ও বিজ্ঞান মনক জাতি গঠনের লক্ষ্যে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর নিয়মিতভাবে বিজ্ঞান বিষয়ক বক্তৃতামালা/ সেমিনারের আয়োজন করে থাকে। সম্প্রতি জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর এ বিষয়ে যে কার্যক্রম সম্পন্ন করেছে তার বিবরণ নিম্নরূপ:

### জ্যোতির্বিজ্ঞান বিষয়ক কর্মশালা

চট্টগ্রামের মুসলিম হল সংলগ্ন থিয়েটার স্টুডিওতে ১০-১১ আগস্ট, ২০১৬ দুই দিন ব্যাপি জ্যোতির্বিজ্ঞান বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালায় ৫০ জন শিক্ষার্থী রেজিস্ট্রেশন করে। শিক্ষার্থী ছাড়াও অভিভাবক ও আয়োজক মিলিয়ে প্রায় ৯০ জন কর্মশালায় উপস্থিত ছিলেন। বিজ্ঞান জাদুঘরের কিউরেটর প্রকৌশলী সুকল্যাণ বাছাড় ২ দিন ব্যাপি এই কর্মশালার একাডেমিক পরিচালক হিসেবে কর্মশালাটি পরিচালনা করেন। এ ছাড়াও অতিথি বক্তা হিসেবে বঙ্গব্য প্রদান করেন জামাল নজরুল ইসলাম গবেষণা কেন্দ্রের সাবেক পরিচালক অধ্যাপক আবুল মনসুর চৌধুরী এবং পিজিসি ট্রাস্ট বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সুদীপ্ত দেব। টেলিস্কোপের ব্যবহার ও এর কলাকৌশল সম্পর্কে বলেন বিজ্ঞান জাদুঘরের সহকারী কিউরেটর জনাব মাসুদুর রহমান। বোস বিজ্ঞান চর্চা কেন্দ্র ও স্কাই ওয়াচার্স ক্লাব চট্টগ্রাম এই অনুষ্ঠান আয়োজনে বিশেষভাবে সহযোগিতা করে।



## “মহাবিশ্ব” বিষয়ক বিজ্ঞান বক্তৃতা

রাঙামাটি জেলা শহরের লেকার্স পাবলিক স্কুল এন্ড কলেজ অডিটোরিয়ামে ১২ আগস্ট, ২০১৬ তারিখে বেলা ১১-০০ থেকে দুপুর ১২-৩০ টা পর্যন্ত “মহাবিশ্ব” বিষয়ক একটি বিজ্ঞান বক্তৃতা অনুষ্ঠিত হয়। এছাড়াও ছাত্র-ছাত্রীদের নিয়ে একটি মৌখিক কুইজ অনুষ্ঠিত হয়। কুইজে বিজয়ীদের বিজ্ঞান জাদুঘর থেকে প্রকাশিত নবীন বিজ্ঞানী পত্রিকা ও উত্তরণ প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন লেকার্স পাবলিক স্কুল এন্ড কলেজের ভাইস প্রিসিপাল বৈশালী রায়। এতে বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠান ছাড়াও মিউজুবাসের বিজ্ঞান প্রদর্শনী দেখতে অপর একটি শিক্ষা প্রতিষ্ঠান মিলে শতাধিক ছাত্র-ছাত্রী এবং শিক্ষক-শিক্ষিকা উপস্থিত ছিলেন।



## জ্যোতির্বিজ্ঞানী রাধা গোবিন্দ চন্দ্র স্মরণে জ্যোতির্বিজ্ঞান বিষয়ক উৎসব

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর ও The stargazers society of Bangladesh এর যৌথ আয়োজনে বিশিষ্ট জ্যোতির্বিজ্ঞানী রাধা গোবিন্দ চন্দ্র স্মরণে একটি অনুষ্ঠান বিজ্ঞান জাদুঘর মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট বিজ্ঞান লেখক ও অধ্যাপক ড: মুহুম্মদ জাফর ইকবাল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব স্বপন কুমার রায়, মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডা: শাহনাজ পারভীন পান্না, চীফ কো-অর্ডিনেটর, দি স্টার গেজার্স সোসাইটি অব বাংলাদেশ। অনুষ্ঠানটি ১৯/০৮/২০১৬ তারিখ শুক্রবার দুপুর ৩:০০ ঘটিকায় শুরু হয়ে চলে রাত ৮:০০ ঘটিকা পর্যন্ত। সন্ধ্যার পর সবার জন্য টেলিস্কোপে আকাশ দেখানোর ব্যবস্থা করা হয়।

